


## সৌদী আরবের ৪ শহরে বাউবির এস এস সি ও এইচ এস সি প্রোগ্রামের ওরিয়েন্টেশন ক্লাস শুরু

শতভাগ শিক্ষার হার ও দক্ষ জনশক্তি বাড়াতে সৌদী আরবের ৪ শহরে শুক্রবার (৯ এপ্রিল ২০২১) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এস এস সি ও এইচ এস সি প্রোগ্রামের ওরিয়েন্টেশন ক্লাসের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড.নাসিম বানু। এ সময় তিনি বলেন, বিদেশের শ্রমবাজারে বাংলাদেশের রেমিটেন্স যোদ্ধাদের শিক্ষা সেবা দিয়ে জনশক্তির উন্নয়নের মাধ্যমে বাউবি উন্নত বাংলাদেশ সৃজনে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে ভূমিকা রেখে চলেছে। তিনি আরও বলেন, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিবশতবর্ষে বিশ্ববিদ্যালয় তাই এ উদ্যোগ নিয়েছে।

ওপেন স্কুলের ডিন প্রফেসর ড.সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে সৌদী আরব ও বাংলাদেশে জুম ওয়েবিনার সভায় বিশেষ অতিথি ছিলেন রিয়াদে বাংলাদেশ দূতাবাসের প্রথম সচিব মোঃফখরুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ও কলেজের অধ্যক্ষ রাজ্জুল মনসুম, কলেজ ম্যানেজিং কমিটির সভাপতি মোস্তাক আহমেদ, ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক জাহেদ মাননান, ইন্টারন্যাশনাল একাডেমিক উয়িং বাউবির যুগ্ম পরিচালক সংগীতা মোর্শেদ। ২৩ লক্ষ বাংলাদেশী প্রবাসীদের দেশ সৌদী আরবের দাম্মাম, রিয়াদ, মদীনা এবং জেদ্দার বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ও কলেজে স্টাডি সেন্টার চালুর মাধ্যমে বাউবি তাঁর এ শিক্ষা প্রোগ্রাম দুটি চালু করেছে।

ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক অনন্যা লাভণীর সঞ্চালনায় এ জুম সভায় সৌদী দূতাবাসের কর্মকর্তা, স্টাডি সেন্টারের অধ্যক্ষগণ, শিক্ষকগণ, বাউবির ওপেন স্কুলের শিক্ষকবৃন্দ, ই লার্ণিং সেন্টার হেড মাসুমবিলাহ, তথ্য ও গণসংযোগ পরিচালক কাসেম শিখদার সংযুক্ত ছিলেন।

উল্লেখ্য শিক্ষার আলো ঘরে ঘরে ছড়িয়ে দেয়ার দৃপ্ত প্রত্যয়ে বাউবি ইতিপূর্বে দক্ষিণ কোরিয়ার সিউলে, কাতারের দোহায় তাঁর শিক্ষা কার্যক্রম বিস্তরণ করেছে।



(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক

---

---